Atlanta Gas Light

Ten Peachtree Place
Atlanta, GA 30309
404-584-3131
BufordHighwayReplacement@southernco.com
BufordHighwayReplacement.com
www.atlantagaslight.com

প্রিয় প্রতিবেশী,

আমরা জানাতে পেরে আনন্দিত যে, আটলান্টা গ্যাস লাইট একটি পাইপলাইন প্রতিস্থাপন প্রকল্পের মাধ্যমে আপনার এলাকায় পরিষেবা প্রদানকারী একটি প্রাকৃতিক গ্যাস বিতরণ ব্যবস্থায় নিযুক্ত হচ্ছে। পুরোনো পরিকাঠামো প্রতিস্থাপন করলে তা গ্রাহকদের সবচেয়ে প্রয়োজনের সময় স্বচ্ছ, নিরাপদ, নির্ভরযোগ্য এবং স্বল্প মূল্যে প্রাকৃতিক গ্যাসের চাহিদা মেটানোর জন্য আমাদের সক্ষমতাকে সুনিশ্চিত করে। DeKalb এবং Gwinnett – এই দুটি মেট্রো কাউন্টির ব্যবস্থাপনায় উন্নতি সাধিত হবে। আপনার প্রয়োজনগুলি আরও ভালভাবে পূরণ করার উদ্দেশ্যে আমরা আমাদের সিস্টেম আপডেট করলে আপনি সেখান থেকে কি কি আশা করতে পারেন এই বিষয়ে আমরা আপনাকে অবগত করাতে চাই।

আপনার এলাকায়, **বুফোর্ড হাইওয়ে প্রতিস্থাপন প্রকল্পে** ডোরাভিল এবং নরক্রসের মধ্যে বুফোর্ড হাইওয়ে বরাবর একটি পাইপলাইন প্রতিস্থাপন হবে। নতুন পাইপলাইনটিকে উভয় প্রান্তে আমাদের বিদ্যমান সিস্টেমের সাথে সংযুক্ত করা হবে। প্রথম পর্যায় 2023 সালে ডোরাভিলে ইনস্টল করা হয়েছিল। অবশিষ্ট দুটি পর্যায় পিচট্রি কর্নার এবং নরক্রসে 2024 সালে ইনস্টল করা হবে। আপনার এলাকায়, লেক ড্রাইভ এবং জিমি কার্টার বুলেভার্ডের মধ্যে ইনস্টলেশন 2024 সালের জানুয়ারির শেষের দিকে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

আমাদের স্বতন্ত্র ঠিকাদার সাউথইস্ট কানেকশনস (SEC) পর্যায়ক্রমে রাস্তা ও রাস্তার ডান দিকে নতুন পাইপলাইন ইনস্টল করবে ফলে নির্মাণ এক সময়ে সমগ্র প্রজেক্ট করিডোরকে প্রভাবিত করবে না। এই কাজের সময় জনসাধরণ এবং আমাদের কর্মীদের নিরাপত্তার জন্য বুফোর্ড হাইওয়েতে লেন বন্ধ করতে হবে। কিছু ফুটপাথের ব্যবহারও সাময়িকভাবে প্রভাবিত হতে পারে।

ট্রাফিকে ব্যাঘাত কমানোর জন্য পদক্ষেপ নেওয়া হবে, এবং যথাযথ এখতিয়ারের মধ্যে থেকে সমস্ত লেন ক্লোজার তদারকি করা হবে। ট্রাফিক নিয়ন্ত্রণের জন্যও ব্যবস্থা নেওয়া হবে। নির্মাণ চলাকালীন বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নিশ্চিত করতে সম্পত্তির মালিকদের সাথে মিলে আটলান্টা গ্যাস লাইট কাজ করবে। যদি নির্মাণের সময় সম্পত্তির মালিকদের কোন প্রশ্ন থাকে, সেক্ষেত্রে **SEC** প্রতিনিধিরা, এবং সেইসাথে আটলান্টা গ্যাস লাইটের বিশেষজ্ঞরা পুরো নির্মাণ প্রক্রিয়াটি চলাকালীন সাইটে থাকবেন।

প্রাথমিকভাবে **শনিবার সন্ধ্যা থেকে শুক্রবার সকাল, প্রতিদিন রাত 7:00 টা থেকে সকাল 5:00 টা** পর্যন্ত বা অনুমতি মোতাবেক কাজ হবে। প্রকল্পটি ডোরাভিলে শুরু হবে এবং পরবর্তী ধাপে যাওয়ার আগে প্রতিটি ধাপে পাইপলাইন ইনস্টলেশন সম্পন্ন করে উত্তরের দিকে যাবে।

প্রকল্প নির্মাণে ওপেন কাট পাইপ ইনস্টলেশন পদ্ধতি এবং দিকনির্দেশক ড্রিলিং বা বোরিং কৌশল – উভয়ই থাকবে। ভূগর্ভস্থ দিকনির্দেশনামূলক ড্রিলিং বা বোরিং করলে রাস্তা এবং অন্যান্য এলাকা জুড়ে উন্মুক্ত নালা রাখার প্রয়োজন এড়ানো যায়। অতিরিক্ত আরও লেন বন্ধ করার প্রয়োজন হতে পারে, তবে দ্বিমুখী ট্রাফিক চলাচল বজায় রাখা হবে।

আমরা আমাদের নির্মাণ পরিকল্পনা সম্পর্কে স্থানীয় জননিরাপত্তা কর্মকর্তাদেরও অবহিত করছি। আমাদের সমস্ত নির্মাণ প্রকল্পের মতো, এক্ষেত্রেও নিরাপত্তা আমাদের জন্য সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। রুট বরাবর অবস্থিত ভূসম্পত্তির মালিকদের অসুবিধা কমানোর জন্য আমরা সর্বাত্মক প্রচেষ্টা করব। এই প্রক্রিয়ায় আপনার অবগতি এবং ধৈর্যের জন্য আমরা আপনাকে আগাম ধন্যবাদ জানাই।

যদি আপনার কোনো সুনির্দিষ্ট প্রশ্ন থাকে যার উত্তর এই চিঠিতে দেওয়া নেই, তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে 404-584-3131 এ যোগাযোগ করুন (নিরীক্ষিত ভয়েসমেল) অথবা **BufordHighwayReplacement@southernco.com** এ আমাদের ইমেল করুন। প্রকল্পের ওয়েবসাইট **www.BufordHighwayReplacement.com** এবং টুইটার **@AGL_Projects**-এও তথ্য এবং আপডেট পাওয়া যাবে।

বিনীত,

আটলান্টা গ্যাস লাইট

Atlanta Gas Light

**আটলান্টা গ্যাস লাইটের হাইওয়ে রিপ্লেসমেন্ট প্রজেক্ট সম্পর্কে প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্ন**

**আটলান্টা গ্যাস লাইট কারা?**

আটলান্টা গ্যাস লাইট জর্জিয়ার প্রায় 1.7 মিলিয়ন গ্রাহকদের প্রাকৃতিক গ্যাস সরবরাহ করে থাকে। 1856 সাল থেকে কাজ করে আসা এই কোম্পানিটি রাজ্যের প্রাচীনতম কর্পোরেশনগুলির মধ্যে একটি। দক্ষিণ-পূর্বের বৃহত্তম প্রাকৃতিক গ্যাস বিতরণ কোম্পানি হিসাবে আমরা গ্রাহকদের স্বচ্ছ, নিরাপদ, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের প্রাকৃতিক গ্যাস সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ। জর্জিয়ার অনিয়ন্ত্রিত প্রাকৃতিক গ্যাসের বাজারে আমরা গ্রাহকদের কাছে প্রাকৃতিক গ্যাস বিক্রি করি না। পরিবর্তে, আমরা এমন পরিকাঠামো ইনস্টল, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করি যা প্রত্যয়িত বিপণনকারীদের দ্বারা গ্রাহকদের বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানকে বিক্রি করা প্রাকৃতিক গ্যাস সরবরাহ করে।

**আটলান্টা গ্যাস লাইট কেন আমার জন-সম্প্রদায়ে কাজ করছে?**

বুফোর্ড হাইওয়ে প্রতিস্থাপন প্রকল্প আমাদের পরিকাঠামোকে উন্নত করার জন্য আমাদের চলমান প্রচেষ্টার একটি অংশ। এটি এই গ্রোথ করিডোরে গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদাকে মেটানোর চেষ্টা করবে এবং সেইসাথে এই এলাকায় আমাদের পরিকাঠামোর নিরাপত্তা, নির্ভরযোগ্যতা এবং স্থিতিশীলতাকে শক্তিশালী করবে। কাজটি বছরের শীতলতম দিনগুলিতে প্রাকৃতিক গ্যাসের জন্য গ্রাহকদের চাহিদা মেটাতে আমাদের ক্ষমতাকে উন্নত করবে।

**আমার জন্য এর উপযোগিতা কি?**

আপনার এলাকায়, বুফোর্ড হাইওয়ে প্রতিস্থাপন প্রকল্পের প্রাক-নির্মাণ কার্যক্রম সম্পূর্ণ। প্রকল্পের পথটি ডোরাভিলের সেন্ট্রাল অ্যাভিনিউ (নিউ পিচট্রি রোডের পূর্ব) থেকে শুরু হয়েছে এবং তারপরে নরক্রসের ওল্ড নরক্রস রোডের সংযোগস্থলে গিয়ে বুফোর্ড হাইওয়েতে উত্তর-পূর্ব দিকে মোড় নিয়েছে।

নির্মাণ কাজ মে 2023 এ শুরু হবে এবং দুই বছর পর্যন্ত চলবে বলে আশা করা হচ্ছে। প্রাথমিকভাবে শনিবার থেকে শুক্রবার, প্রতিদিন রাত 7:00 টা থেকে সকাল 5:00 টা পর্যন্ত বা অনুমতি মোতাবেক কাজ হবে। কাজটি ডোরাভিলে থেকে শুরু হবে এবং সক্রিয় কাজের এলাকা এবং লেন ক্লোজারকেও প্রোজেক্ট করিডোরের সাথে সাথে সরিয়ে নিয়ে উত্তরের দিকে এগিয়ে যাবে, যাতে নির্মাণের প্রভাব কম হয়। পরবর্তী ধাপে যাওয়ার আগে পূর্বের প্রতিটি ধাপে পাইপলাইন ইনস্টলেশন সম্পন্ন করা হবে। প্রথম পর্যায় 2023 সালে ডোরাভিলে ইনস্টল করা হয়েছিল। Gwinnett কাউন্টিতে বাকি দুটি পর্যায় 2024 সালে ইনস্টল করা হবে।

আমাদের সমস্ত প্রকল্পের মতো, এক্ষেত্রেও নিরাপত্তাই আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। রুট বরাবর অবস্থিত ভূসম্পত্তির মালিকদের অসুবিধা কমানোর জন্য আমরা সর্বাত্মক প্রচেষ্টা করি। আমরা স্থানীয় নেতাদের পাশাপাশি প্রকল্প করিডোর বরাবর যুক্ত ব্যবসায়ীদের সাথেও যোগাযোগ করব যাতে জনসাধারণকে অবগত করা যায়।

**নির্মাণের সময় কি আমার গ্যাস পরিষেবা ব্যাহত হবে?**

যে পরিষেবা লাইনটি গ্যাসের মূল থেকে আপনার বাড়ি বা ব্যবসায়িক প্রতিষ্ঠানে গেছে সেটিকেও প্রকল্পের অংশ হিসাবে পরিবর্তন করার প্রয়োজন হতে পারে। এই পরিষেবার লাইনটি প্রতিস্থাপনের কারণে আপনার গ্যাস পরিষেবাতে একটি সংক্ষিপ্ত ব্যাঘাত হতে পারে। গ্রাহকরা গ্যাস পরিষেবায় কোনও বাধা সৃষ্টি হওয়ার আগে একটি বিজ্ঞপ্তি পাবেন।

**নির্মাণের সময় আমার কী আশা করা উচিত?**

আমাদের স্বতন্ত্র ঠিকাদার, সাউথইস্ট কানেকশনস (SC), নির্মাণের ঠিক আগে প্রকল্পের এলাকায় উপকরণ এবং সরঞ্জাম স্থাপনা শুরু করবে। আপনি নির্মাণের সময় এলাকায় ভারী সরঞ্জাম এবং অতিরিক্ত কর্মীদের থেকে শব্দ পেতে পারেন।

এই কাজের সময় জনসাধরণ এবং আমাদের কর্মীদের নিরাপত্তার জন্য বুফোর্ড হাইওয়েতে লেন বন্ধ করতে হবে। কিছু ফুটপাথের ব্যবহারও সাময়িকভাবে প্রভাবিত হতে পারে।

ট্রাফিকে ব্যাঘাত কমানোর জন্য পদক্ষেপ নেওয়া হবে। নির্মাণের সময় যাতে পার্কিং লটগুলি অ্যাক্সেসযোগ্য থাকে বা বিকল্প পার্কিং উপলব্ধ থাকে তা নিশ্চিত করতে আটলান্টা গ্যাস লাইট ভূসম্পত্তির মালিক এবং পরিচালকদের সাথে কাজ করবে।

প্রকল্পের অগ্রগতির সাথে সাথে পরিষ্কারকার্য সম্পন্ন হবে। প্রতিটি পর্বের শেষে পুনঃপ্রতিস্থাপনের ব্যবস্থা করা হবে।
আমাদের কাজের দ্বারা বিঘ্নিত এলাকাগুলিকে যতটা সম্ভব তাদের প্রাক-নির্মাণ অবস্থার কাছাকাছি পুনঃপ্রতিষ্ঠিত করা হবে।
সাধারণভাবে বলতে গেলে, পাইপলাইন নির্মাণে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া হবে: 1) রাস্তার ডান দিক জরিপ করা; 2) রাস্তার ডান দিক পরিষ্কার করা; 3) পাইপটিকে রাস্তার ডান দিকে নিয়ে যাওয়া; 4) পাইপ ঢালাই; 5) পাইপের জন্য একটি বড় নালা খনন করা; 6) বড় নালার মধ্যে পাইপ নামানো; 7) নালাটির পুনরায় ভরিয়ে ফেলা; 8) পাইপের চাপ পরীক্ষা; এবং 9) রাস্তার ডানদিকটিকে প্রাক-নির্মাণ অবস্থায় পুনঃপ্রতিষ্ঠা করা।

**বুফোর্ড হাইওয়ে প্রতিস্থাপন প্রকল্প সম্পর্কে আমার প্রশ্ন থাকলে, আমি কার সাথে যোগাযোগ করব?**

নির্মাণ প্রক্রিয়ার পুরো সময় জুড়ে SEC এবং আটলান্টা গ্যাস লাইটের প্রতিনিধিরা সাইটে থাকবেন। আপনি 404-584-3131 (নিরীক্ষিত ভয়েসমেল) অথবা **BufordHighwayReplacement@southernco.com** এ সরাসরি আটলান্টা গ্যাস লাইটের সাথে যোগাযোগ করতে পারেন। প্রকল্পের ওয়েবসাইট **www.BufordHighwayReplacement.com** এবং টুইটার **@AGL_Projects**-এও তথ্য এবং আপডেট পাওয়া যাবে।